

দেশ রূপান্তর

তারিখ : ২৮-০২-২০২২ (পৃঃ ০৯)

ব্রি ও বারি পরিদর্শন

গাজীপুর প্রতিনিধি

বাংলাদেশে নিযুক্ত ব্রাজিলের
রপ্তানু জোয়াও তাবাজরা
ডি অলিভেরা জুনিয়র এবং
ব্রাজিলিয়ান ফেডারেল সেভিংস
ব্যাংকের প্রেসিডেন্ট পেদ্রো
ডুয়ার্তে গুইমারেসের নেতৃত্বে
একটি প্রতিনিধিদল গাজীপুরের
বাংলাদেশ ধান গবেষণা
ইনস্টিটিউট (ব্রি) এবং বাংলাদেশ
কৃষি গবেষণা ইনস্টিটিউটের সদর
দপ্তর পরিদর্শন করেন। গতকাল
রবিবার পরিদর্শনকালে ব্রি'র
মহাপরিচালক ড. মো. শাহজাহান
কবীর প্রতিনিধিদলকে স্বাগত
জানান। পরে ব্রি'র ভিআইপি
সভাকক্ষে এক মতবিনিময় সভা
অনুষ্ঠিত হয়।

ব্রাজিলের প্রতিনিধি দলের ত্রি-বারি পরিদর্শন

■ গাজীপুর প্রতিনিধি

বাংলাদেশে নিযুক্ত ব্রাজিলের রাষ্ট্রদূত জোয়াও তাবাজেরা ডি অলিভেরা জুনিয়র এবং ব্রাজিলিয়ান ফেডারেল সেভিংস ব্যাংক'র প্রেসিডেন্ট পেন্দ্রো ডুয়ার্তে গুইমারেসের নেতৃত্বে একটি প্রতিনিধি দল রোববার গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ত্রি)'র সদর দপ্তর ও বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) সদর দপ্তর পরিদর্শন করেন।

ত্রি'র সদর দপ্তরে পৌঁছলে মহাপরিচালক ডক্টর মো. শাহজাহান কবীর প্রতিনিধি দলকে স্বাগত জানান। পরে ত্রি'র ভিআইপি সভাকক্ষে আয়োজিত এক মতবিনিময় সভায় ত্রি'র মহাপরিচালক জানান, বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে ত্রি'র গবেষণা কার্যক্রম পরিচালনা করা হয়। যেখানে খাদ্য নিরাপত্তার বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হচ্ছে। এ সময় ত্রি'র মহাপরিচালক ধানকে ব্রাজিলের অন্যতম প্রধান ফসল উল্লেখ করে এ ক্ষেত্রে ব্রাজিল এবং বাংলাদেশের মধ্যে আনুষ্ঠানিক সহযোগিতার ওপর গুরুত্বারোপ করেন।

এ সময় ত্রি'র পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ডক্টর মো. আবু বকর ছিদ্দিক, পরিচালক (গবেষণা) ডক্টর মোহাম্মদ খালেবুজ্জামান, উচ্চ শিক্ষা ও গবেষণা সমন্বয়কারী ডক্টর মুন্সজান খানমসহ বিভাগীয় ও শাখা প্রধানরা উপস্থিত ছিলেন। ব্রাজিল প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন- ব্রাজিলিয়ান ফেডারেল সেভিংস ব্যাংকের রিটেইল নেটওয়ার্কের ভাইস প্রেসিডেন্ট পাওলো হেনরিক অ্যাগুইলো সুজা, লিগ্যাল ডিরেক্টর গ্রাহিকোস অ্যাটিম ড্যাভেলভে লরিরৌ, রিটেইল প্রোডাক্টের এক্সিকিউটিভ ডিরেক্টর এডুয়ার্দো ফাক আত্রোনিও, ব্রাজিল দূতবাসের ট্রেড এনালিস্ট নাহিদ ফেরদৌসি উপস্থিত ছিলেন। সভায় ত্রি'র অর্জন ও অগ্রগতি সম্পর্কে পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন উদ্ভিদ প্রজনন বিভাগের প্রধান ডক্টর খোন্দকার মো. ইফতেখারুদৌল্যা। মতবিনিময়কালে ব্রাজিলিয়ান ফেডারেল সেভিংস ব্যাংকের প্রেসিডেন্ট পেন্দ্রো ডুয়ার্তে গুইমারেস ত্রি'র গবেষণা কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন। ডক্টর মো. শাহজাহান কবীরের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভা শেষে ত্রি'র পক্ষ থেকে ক্রেস্ট এবং বিভিন্ন উপহার সামগ্রী ব্রাজিলিয়ান প্রতিনিধি দলের সদস্যদের কাছে হস্তান্তর করা হয়।